

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



নং-৪৫.০০.০০০০.১৪০.২৭.০০১.১৭- ২০২৬

তারিখঃ ১২-১১-২০২০ খ্রি.

### আদেশ

যেহেতু, জনাব মোঃ লিয়াকত আলী, অফিস সহায়ক, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় চাকুরি দেয়ার কথা বলে জনাব মোঃ ইমরান, গ্রাম: ডুমরাকান্দা, পো: ডুমরাকান্দা বাজার, উপজেলা: কুলিয়ারচর, জেলা: কিশোরগঞ্জ-এর নিকট থেকে ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা নিয়েছেন যা তদন্ত প্রতিবেদনে প্রমাণিত হয়। এ বিষয়ে তিনি লিখিতভাবে স্বীকারোক্তিও প্রদান করেন;

২। যেহেতু, তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩ (ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য;

৩। যেহেতু, জনাব মোঃ লিয়াকত আলী, অফিস সহায়ক, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-কে কর্মরত রাখা হলে অফিস শৃংখলা ভঙ্গ হতে পারে এবং অফিসের ভাবমূর্তি ক্ষুণ্ণ হবার সমূহ সম্ভাবনা রয়েছে;

৪। এক্ষেত্রে সেহেতু, তাকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ১২(১) বিধি মোতাবেক আদেশ জারির তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

৫। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রশাসন-১ অধিশাখায় সংযুক্ত থেকে হাজিরা প্রদান করবেন এবং প্রচলিত বিধি মোতাবেক তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতাদি (subsistence allowance) প্রাপ্য হবেন;

৬। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

১২-১১-২০২০ খ্রি.

(মোঃ জিল্লুর রহমান চৌধুরী)  
যুগ্মসচিব

নং-৪৫.০০.০০০০.১৪০.২৭.০০১.১৭- ২০২৬/০(৭)

তারিখঃ ১২-১১-২০২০ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। জনাব মোঃ লিয়াকত আলী, অফিস সহায়ক (নির্মাণ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

২৫/১১/২০২০  
(জাকিয়া পারভীন)  
উপসচিব